

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর  
সেটেলমেন্ট প্রেস  
৯৮, শহীদ তাজ উদ্দিন আহমেদ সরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং - ৩১.০৩.০০০০.০০৫.৯৯.০২৮(খঙ-১).১৪.

তারিখঃ নভেম্বর ২০১৭ খ্রি।

বিষয়ঃ সেটেলমেন্ট প্রেস, ঢাকা হতে জোনাল হস্তান্তরিত মৌজার চূড়ান্ত প্রকাশনা প্রদানসহ গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের কার্যক্রম গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন এটুআই প্রকল্পের সহযোগীতায় ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক প্রায় এক কোটি খতিয়ানের ডাটা ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সম্প্রতি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে।

এতদ লক্ষ্যে মুদ্রণ সমাধি এবং সেটেলমেন্ট প্রেস, ঢাকা হতে জোনাল সেটেলমেন্ট অফিসে হস্তান্তরিত (তালিকা সংযুক্ত) মৌজাসমূহের চূড়ান্ত প্রকাশনা সম্পন্নকরণপূর্বক জরুরীভিত্তিতে গেজেট প্রকাশের ব্যবস্থা গ্রহণ এবং ইতোমধ্যে নতুনভাবে যে সকল মৌজার গেজেট প্রকাশনা সম্পন্ন হয়েছে তার তালিকা পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সেটেলমেন্ট প্রেসে প্রেরণ করা আবশ্যিক।

এমতাবস্থায়, বিষয়টির গুরুত্ব বিবেচনা করে সংযুক্ত তালিকায় বর্ণিত মৌজাসমূহ জরুরীভিত্তিতে চূড়ান্ত প্রকাশনার কার্যক্রম গ্রহণসহ গেজেট প্রকাশের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

সংযুক্তঃ বর্ণনা অনুসারে।

স্বাক্ষরিত/-  
০৫/১১/১৭  
(শেখ আব্দুল আহাদ)  
মহাপরিচালক  
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর  
ফোন : (০২) ৮১৭০৪৮৫  
email: dgdtrs@gmail.com


জোনাল সেটেলমেন্ট অফিসার,  
ঢাকা/ময়মনসিংহ/সিলেট/টাঙ্গাইল/পাবনা/ফরিদপুর/রংপুর/বগুড়া/নোয়াখালী/রাঙ্গামাটি/দিনাজপুর/যশোর/খুলনা/বরিশাল  
/জামালপুর/কুমিল্লা/ চট্টগ্রাম।

স্মারক নং - ৩১.০৩.০০০০.০০৫.৯৯.০২৮ (খঙ-১).১৪.১২৩৩

তারিখঃ ০৬ নভেম্বর ২০১৭ খ্রি।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

- ০১। পরিচালক (ভূমি রেকর্ড), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।  
০২। অফিস কপি।

  
(আ.ন.ম. তরিকুল ইসলাম)

উপ-সচিব  
প্রেস অফিসার  
সেটেলমেন্ট প্রেস  
তেজগাঁও, ঢাকা-১২০৮।  
ফোনঃ ৯১১৪ ৭৫৫